লেবাননে যুদ্ধবিরতি ইস্যুতে ইসরায়েলি মন্ত্রিসভার বৈঠক



ইসরায়েল মন্ত্রীসভার বৈঠক। ছবি: সংগৃহীত

লেবাননে চলমান সংঘাত থামাতে সম্ভাব্য যুদ্ধবিরতি নিয়ে আলোচনা করতে বৈঠকে বসছে ইসরায়েলের নিরাপত্তা মন্ত্রিসভা। ছয় সপ্তাহের বেশি সময় ধরে হিজবুল্লাহর সঙ্গে সংঘর্ষ চলতে থাকায় পরিস্থিতি আরও জটিল হয়েছে, বিশেষ করে ইরানকে ঘিরে যুক্তরাষ্ট্র-ইসরায়েল উত্তেজনার প্রেক্ষাপটে।

বুধবার রাত ৮টায় প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর নেতৃত্বে এই বৈঠক অনুষ্ঠিত হওয়ার কথা। অন্যদিকে, হিজবুল্লাহর এক জ্যেষ্ঠ নেতা জানিয়েছেন, ইরানসহ আঞ্চলিক দেশগুলোর কূটনৈতিক উদ্যোগের ফলে শিগগিরই যুদ্ধবিরতির সম্ভাবনা তৈরি হতে পারে।

লেবাননের কর্মকর্তারাও বলছেন, এ লক্ষ্যে তৎপরতা চলছে এবং যুক্তরাষ্ট্র ইসরায়েলের ওপর চাপ বাড়াচ্ছে।

এরই মধ্যে ওয়াশিংটনে দুই দেশের প্রতিনিধিদের মধ্যে একটি বিরল বৈঠক হয়েছে, যদিও সেখানে সরাসরি যুদ্ধবিরতি নিয়ে আলোচনা হয়নি।

গত ২ মার্চ হিজবুল্লাহর হামলার মধ্য দিয়ে এই সংঘাতের সূচনা হয়। জবাবে ইসরায়েল দক্ষিণ লেবাননে বড় ধরনের সামরিক অভিযান শুরু করে। ইতোমধ্যে সেখানে স্থল অভিযান চলছে এবং লিতানি নদী পর্যন্ত এলাকাকে হিজবুল্লাহমুক্ত করার পরিকল্পনার কথা জানিয়েছে ইসরায়েল।

সংঘাতে এখন পর্যন্ত লেবাননে দুই হাজারের বেশি মানুষ নিহত এবং প্রায় ১২ লাখ মানুষ বাস্তুচ্যুত হয়েছে। অপরদিকে, হিজবুল্লাহর হামলায় ইসরায়েলেও হতাহতের ঘটনা ঘটেছে।

বিশ্লেষকদের মতে, যুদ্ধবিরতির বিষয়টি অনেকটাই যুক্তরাষ্ট্র ও ইরানের সমঝোতার ওপর নির্ভর করছে। ইরান বৃহত্তর আঞ্চলিক শান্তি কাঠামোর মধ্যে লেবানন ইস্যু যুক্ত করার পক্ষে, তবে যুক্তরাষ্ট্র বিষয়টি আলাদাভাবে দেখছে। সব মিলিয়ে, কূটনৈতিক তৎপরতা জোরদার হলেও যুদ্ধবিরতি বাস্তবায়ন এখনো অনিশ্চিত।